

## সুকৌশলে সঠিকভাবে বাচ্চাকে বড় করে তুলতে আপনাকে যেভাবে সাহায্য করা হবে

# family life

**পিতৃত্ব বা মাতৃত্বের মিষ্টিমধুর ঝঞ্ঝাট সামলানোর কাজে ভারসাম্য রক্ষাই হল শেষ কথা – কিন্তু কখনও কখনও সেই ভারসাম্য খুঁজে পাওয়া খুব কঠিন।**

শিশুসুরক্ষার পছন্দগুলি আপনাকে আপনার বাচ্চার যত্ন নেওয়ার ক্ষেত্রে নানারকমভাবে সাহায্য করতে পারে, যাতে আপনার শিশুর বেড়ে ওঠার শুরুটা দারুণভাবে হবে, আর আপনার সুকৌশলে সবকিছু সামলানোটাও একটু সহজ হয়ে যাবে।

HM Government

Childcare Choices

# ভাবুন আপনার বাচ্চার দেখভালে কেউ সাহায্য করলে তা আপনার পরিবারের জন্য কতটা গুরুত্বপূর্ণ হতে পারে

**গোটা পরিবারকে সামলানো এবং বাচ্চার দেখাশোনা করা সত্যিই কঠিন কাজ। তাই আমরা বাচ্চার যত্ন নেওয়ার ক্ষেত্রে বাবা-মায়েদের সাহায্য করতে চাই, এমন সাহায্য যা প্রতিটি পরিবারের নিজস্ব কাঠামোর সঙ্গে খাপ খায়।**

যদি আপনি চাকুরিজীবী হন এবং আপনার বাচ্চার বয়স ৯ মাস থেকে ৩ বছরের মধ্যে হয়, তাহলে এখন আপনি বছরে ৩৮ সপ্তাহ ধরে সাপ্তাহিক ১৫ ঘণ্টা আপনার বাচ্চার দেখাশোনার জন্য সাহায্য পেতে পারেন।

২০২৫ সালের সেপ্টেম্বর মাস থেকে এটা বেড়ে যাবে, যার ফলে আপনার শিশুর ৯ মাস বয়স হলে তারপর থেকে বছরে ৩৮ সপ্তাহ আপনি প্রতি সপ্তাহে ৩০ ঘণ্টা করে বাচ্চার দেখাশোনায় সাহায্য পেতে পারবেন।

## আপনি এই সাহায্য পাওয়ার উপযুক্ত হবেন যদি:

- আপনার বাচ্চার বয়স **৯ মাস থেকে ৩ বছরের মধ্যে হয়।**
- আপনি যদি **ইংল্যান্ডে থাকেন।**
- আপনি এবং আপনার সঙ্গী (যদি থাকে) উভয়েই যদি **সপ্তাহে ১৬ ঘণ্টা কাজের বিনিময়ে জাতীয় মানদণ্ডে ন্যূনতম বা জীবনধারণের জন্য যথেষ্ট অথবা তার সমতুল পারিশ্রমিক পান** যা বছরে ১০০,০০০ ইউরোর (সামঞ্জস্যযুক্ত নিট আয়) কম। যদি বাবা-মায়ের মধ্যে যেকোনও একজন এই শর্তগুলি পূরণ করতে পারেন এবং আর একজনের ক্ষেত্রে কিছু কিছু সুবিধা থাকে তাহলেও আপনি এর উপযোগী হতে পারেন।

মনে রাখবেন যে **৩ বছর ও ৪ বছর বয়সী বাচ্চাদের বাবা-মায়েরা যারা** ইংল্যান্ডে থাকেন

তারাও ১৫ ঘণ্টার চাইল্ডকেয়ারের পরিষেবা পেতে পারেন।

যদি আপনি উপযোগী হন এবং চাকুরিজীবী হন তাহলে এই ১৫ ঘণ্টাকে এর সঙ্গে মিলিয়ে দিতে পারেন, যাতে **আপনার ৩ বছর ও ৪ বছরের বাচ্চা সপ্তাহে ৩০ ঘণ্টা পরিষেবা পেতে পারে।**

## "চাইল্ডকেয়ার সাপোর্টকে সঠিকভাবে ব্যবহার করতে পারলে তা আপনার ও আপনার পরিবারের জীবন বদলে দিতে পারে।"

"আমার মেয়েরা একটা আনন্দের ও সৌহার্দ্যের পরিবেশে রয়েছে এবং তাদের সঙ্গে রয়েছে যারা শিশুদের জন্য দারুণ শিক্ষক, এটা ভেবে সত্যিই স্বস্তি বোধ হয়। আমার প্রিয় কচিকাঁচারা অন্য শিশুদের সঙ্গে মেলামেশা করছে এবং একইসঙ্গে এমন একটা সমৃদ্ধশালী জায়গায় রয়েছে যেখানে বিভিন্ন রকমের কাজকর্ম করানো হয়।"

**Sheryl D** ৩০ ঘণ্টার চাইল্ডকেয়ার এবং Tax-Free Childcare ব্যবহার করেন

# কীভাবে আপনার বাচ্চার দেখাশোনার ক্ষেত্রে এই সময়টাকে ব্যবহার করবেন

- যদি আপনি পরিষেবা পাওয়ার উপযোগী হন, তাহলে আপনি **বাচ্চার নির্দিষ্ট বয়স হওয়ার পরের টার্ম থেকেই সাহায্য নেওয়া শুরু করে দিতে পারেন।** টার্ম শুরু হয় ১ জানুয়ারি, ১ এপ্রিল, এবং ১ সেপ্টেম্বর থেকে।
- **প্রত্যেক তিন মাস অন্তর আপনি সমস্ত তথ্য চেক বা আপডেট করতে পারেন** যাতে ঘণ্টাভিত্তিক যে সময় আপনি বাচ্চার দেখাশোনায় সাহায্যের জন্য পাচ্ছেন তাতে ব্যাঘাত না ঘটে। চিন্তা করবেন না, সময়  কখন শেষ হয়ে যাচ্ছে তা আপনাকে জানিয়ে দেওয়া হবে।
- চাকুরিজীবী বাবা-মায়ের ক্ষেত্রে, আপনার ২ বছরের বাচ্চা যদি ইতিমধ্যেই ১৫ ঘণ্টা সময় ব্যবহার করে ফেলে এবং তিন বছরে পা দেয়, তাহলে শুধু **নিয়মমাফিক পুনর্নিশ্চিতকরণ করে দিলেই** কোডটি আরও ৩০ ঘণ্টার অফারে কাজ করবে।
- **আপনি এই সময়টাকে ব্যবহার করার পাশাপাশি অন্যান্য সুবিধাগুলিও নিতে পারেন** যেমন Tax-Free Childcare বা Universal Credit Childcare আপনি চাইলে নার্সারি, চাইল্ডমাইন্ডার, প্রি-স্কুল এবং প্লেগ্রুপের সময়ের মধ্যে মধ্যে এই সময়টাকে ব্যবহার করে নিতে পারেন।
- **চাইল্ডকেয়ারের এই সময়টার মধ্যে সবকিছু করা যাবে না।** খেলাধূলা বা নানারকম অ্যাক্টিভিটি, বাড়তি সময় বা খাওয়ার খরচের মতো অতিরিক্ত চার্জের বিষয়গুলি সম্পর্কে জানতে পরিষেবা প্রদানকারীর সঙ্গে যোগাযোগ করুন।
- এক একজন পরিষেবা প্রদানকারীর **নিয়মকানুন এক একরকমের হতে পারে** চাইল্ডকেয়ার আওয়ার্স ব্যবহারের ক্ষেত্রে। দেখে নিন যে তাদের সময়টা আপনার উপযোগী হচ্ছে কিনা।

## কীভাবে কোড পাবেন

1 **ChildcareChoices.gov.uk** ওয়েবসাইটে গিয়ে চেক করে নিন আপনি এর জন্য উপযোগী কিনা।

2 **আপনার পরিষেবা প্রদানকারীর সঙ্গে কথা বলে** বুঝে নিন তাদের ব্যবস্থাপনা কীরকম রয়েছে এবং দেখুন যদি তারা আপনার শিশুকে কোনও জায়গা দিতে পারে।

3 **অনলাইনে আপনার কোডের জন্য অ্যাপ্লাই করুন।** আপনার National Insurance Number (বা স্বনির্ভরদের ক্ষেত্রে ইউনিক ট্যাক্স পেয়ার রেফারেন্স) দিতে হবে, যে তারিখে কাজ শুরু করেছিলেন বা করবেন সেই তারিখ, যদি কোনও সরকারি সাহায্য বা সুবিধা যদি পান তার বিশদ তথ্য দিতে হবে, এবং আপনার বাচ্চার ইংল্যান্ডের বার্থ সার্টিফিকেটের রেফারেন্স নম্বর (যদি থাকে) লাগবে।

4 **পরিষেবা প্রদানকারীকে আপনার কোডটি দিন** আপনি পরিষেবা পাওয়ার উপযোগী কিনা তা সরাসরিই জানতে পারবেন, তবে তাতে সাতদিন পর্যন্ত সময় লাগতে পারে।

5 **আপনার** চাইল্ডকেয়ার অ্যাকাউন্টের তথ্যাবলী পুনর্নিশ্চিত করুন প্রতি তিন মাস অন্তর।

## আমাকে কোন সময়ের মধ্যে আবেদন করতে হবে?

**৩১ মার্চ ২০২৫**
১৫ বা ৩০ ঘণ্টার চাইল্ডকেয়ার কোড পাওয়ার জন্য, যা ব্যবহার করা যাবে ১ এপ্রিল ২০২৫ থেকে।

**৩১ অগাস্ট ২০২৫**
৩০ ঘণ্টার চাইল্ডকেয়ার কোড পাওয়ার জন্য, যা ব্যবহার করা যাবে ১ সেপ্টেম্বর ২০২৫ থেকে।

**৩১ ডিসেম্বর ২০২৫**
৩০ ঘণ্টার চাইল্ডকেয়ার কোড পাওয়ার জন্য, যা ব্যবহার করা যাবে ১ জানুয়ারি ২০২৬ থেকে।



# যেসব পরিবার অতিরিক্ত সাহায্য পায় তাদের জন্য পরিষেবা

আপনার ২ বছরের শিশুটি প্রাথমিক শিক্ষার খরচ পেতে পারে যদি আপনি ইংল্যান্ডে থাকেন এবং কিছ অতিরিক্ত সাহায্য পান, যেমন আপনি যদি Universal Credit পান, বা আপনার বাচ্চার শিক্ষা,স্বাস্থ্য এবং সুরক্ষা পরিকল্পন (EHC) থাকে। আপনি এই সাহায্যের উপযোগী হবেন যদি আপনি অভিবাসনের কারণে এই সুযোগসুবিধাগুলি থেকে বঞ্চিত হয়ে থাকেন।

- এই প্রকল্পটি চাকুরিজীবী বাবা-মায়েদের জন্য যে ১৫ এবং ৩০ ঘণ্টার পরিষেবা অফার করা হয় তার থেকে আলাদা।
- আপনি এর উপযোগী কিনা তা জানতে চাইল্ডকেয়ার পছন্দগুলির ওয়েবসাইটে যান।
- যদি আপনি উপযোগী হন, তাহলে আপনার চাইল্ডকেয়ার প্রভাইডারের সঙ্গে কিংবা সরাসরি লোকাল কাউন্সিলের সঙ্গে যোগাযোগ করুন।
- যদি আপনার চাইল্ডকেয়ার প্রভাইডারকে খুঁজে পেতে সমস্যা হয়, তাহলে অনুগ্রহ করে আপনার স্থানীয় কর্তৃপক্ষের ফ্যামিলি ইনফরমেশন সার্ভিস-এর সঙ্গে যোগাযোগ করুন।

## দেখুন কী সাহায্য পেতে পারেন

আমাদের ওয়েবসাইটে গিয়ে ফ্রি টুলটি ব্যবহার করে আপনি এক্ষুনি চেক করে নিতে পারেন। শুধু কিউ আর স্ক্যান করুন বা সার্চ করুন ‘চাইল্ডকেয়ার পছন্দগুলি’।